



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

০৪ জানুয়ারী ২০১৭

## প্রেস বিজ্ঞপ্তি

রাজধানীর মোহাম্মদপুর এলাকার জান্নাতবাগ চল্লিশ বস্তি (জান্নাতবাগ মাঠ সংলগ্ন জুহুরি মহল্লা এবং বিজলী মহল্লা বস্তি) বস্তিবাসীদের উচ্ছেদ প্রক্রিয়া আগামী ০৬ মাসের জন্য স্থগিত করা হয়েছে- এ মর্মে মহামান্য হাইকোর্টের রুল জারী

আজ ৪ জানুয়ারী ২০১৭ তারিখ ঢাকার মোহাম্মদপুর এলাকার এলাকার জান্নাতবাগ চল্লিশ বস্তি (জান্নাতবাগ মাঠ সংলগ্ন জুহুরি মহল্লা এবং বিজলী মহল্লা বস্তি) বস্তিবাসীদের উল্লেখিত স্থান থেকে আগামী ০৬ মাসের মধ্যে যেন উচ্ছেদ করা না হয় - এই মর্মে একটি নির্দেশনা দিয়ে রুল জারি করেছে মহামান্য হাইকোর্ট বিভাগ।

বিচারপতি নাজমা হায়দার ও বিচারপতি আবু তাহের মোঃ সাইফুর রহমান এর সমন্বয়ে গঠিত বেঞ্চ রিট আবেদন (রিট পিটিশন নং ৩১/২০১৭) প্রাথমিকভাবে শুনানীর পর রুল জারি করে নির্দেশনা দেয়। বস্তিবাসীদের পক্ষে মামলাটি দায়ের করেন হেলেনা বেগম ও অন্যান্যরা। তাদের আইন সহায়তা প্রদান করে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)। বাদী পক্ষে মামলার শুনানি করেন ব্লাস্ট প্যানেল আইনজীবী মোঃ খুরশীদ আলম খান এবং রাষ্ট্র পক্ষে উপস্থিত ছিলেন ডেপুটি এটর্নি জেনারেল মোখলেসুর রহমান।

সংবাদপত্রে প্রকাশিত তথ্য অনুযায়ী জানা যায় যে, গত ০২ জানুয়ারী ২০১৭ তারিখ ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর) এর কাউন্সিলর বেআইনীভাবে উচ্ছেদ কার্য শুরু করেন এবং তার কিছু লোকজন নিয়ে বস্তিবাসীদের উপর হামলা করে যার প্রেক্ষিতে ১০-১২ জন বস্তিবাসী আহত হন। ঢাকা সিটি কর্পোরেশন উত্তর ২৯ নং ওয়ার্ড এর আওতাধীন মোহাম্মদপুর এলাকার অর্ন্তগত বাদশাহ ফয়সল ইনিস্টিটিউট (২০/১০এ) সংলগ্ন জলাভূমির উপর এলাকার জান্নাতবাগ চল্লিশ বস্তি (জান্নাতবাগ মাঠ সংলগ্ন জুহুরি মহল্লা এবং বিজলী মহল্লা বস্তি) দুইটিতে কয়েক হাজার নারী পুরুষ ও শিশু ৩০ বছর ধরে শান্তিপূর্ণভাবে বসবাস করে আসছে। দেশের বিভিন্ন অঞ্চলের নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত নারী পুরুষ ও শিশু ঐ স্থানে বসবাস করে আসছে। এদের অনেকেই গার্মেন্টস শ্রমিক, দিন মজুর ও নির্মাণ শ্রমিক।

উল্লেখ্য, রাষ্ট্রের দায়িত্ব সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা। বাংলাদেশ সংবিধানের ৩১ ও ৩২ অনুচ্ছেদ অনুসারে, প্রত্যেক নাগরিকের আইনের আশ্রয়লাভের এবং আইনানুযায়ী ব্যতীত ব্যক্তি-জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার রয়েছে। পাশাপাশি সংবিধানের ২৮(১) অনুচ্ছেদ অনুসারে, ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জন্মস্থানের কারণে কোন নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করবে না। আইনের যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে এবং আইনসম্মত কর্তৃপক্ষ ছাড়া বেআইনিভাবে উচ্ছেদের হুমকি দেওয়া; উচ্ছেদ করা এবং হামলা করা সাংবিধানিক অধিকারের সুস্পষ্ট লংঘন আমরা আশা করছি যে, নতুন গৃহায়ন নীতি, সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও সর্বোপরি সাংবিধানিক প্রতিশ্রুতি অনুযায়ী সরকারের উচ্চপর্যায়ের নীতিনির্ধারকরা বিকল্প বাসস্থান নিশ্চিত করার জন্য উদ্যোগ নিবেন।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd